

Helping your child with literacy and numeracy at home

Bengali

# বাড়িতে আপনার শিশুকে স্বাক্ষরতা এবং গণিতে সহায়তা করা

NSW শিক্ষা বিভাগ

NSW GOVERNMENT

**এই পুস্তিকাটি পিতামাতা, যত্নদানকারী এবং স্কুল জীবনের শুরুর দিকের শিশুদের পরিবারের জন্য তৈরি করা হয়েছে।**

**এটি এমন সব কার্যক্রম দ্বারা পরিপূর্ণ যেগুলো বাড়ীতে সংঘটিত গুরুত্বপূর্ণ শিক্ষাকে সমর্থন যোগায়। কার্যক্রমগুলো এমনভাবে সাজানো হয়েছে যেন আপনি আপনার শিশুর সাথে মজা করতে পারেন এবং তাদেরকে ভালোমতো স্কুল শুরু করতে সহায়তা করতে পারেন।**

**কার্যক্রমগুলো কি তা বের করতে এবং এগুলোতে অংশ নিতে আপনার শিশুকে উৎসাহিত করুন এবং তাদের নিজস্ব প্রতিক্রিয়াগুলোকে সমর্থন করুন।**

# সূচীপত্র

**স্বাক্ষরতা** **4**

কথা বলা এবং শোনা 5

পড়া 10

আঁকা এবং লেখা 16

**গণিত** **21**

সংখ্যা এবং গণনা 22

যোগ করা এবং বিয়োগ করা 28

শনাক্ত করা এবং নকশা তৈরি করা 32

# স্বাক্ষরতা

## স্বাক্ষরতার দক্ষতা বিকাশে আপনার শিশুকে সহায়তা করা

**স্বাক্ষরতার মধ্যে রয়েছে কথা শোনা, কথা বলা, পড়া, লেখা এবং বানান করা। মনের চিন্তাভাবনা এবং আবেগ, ধারণা এবং মতামত প্রকাশের ক্ষমতাই হল স্বাক্ষরতা। এছাড়াও স্বাক্ষরতা বলতে কথিত এবং লিখিত বার্তা থেকে অর্থ তৈরি করার ক্ষমতাকে বুঝায়।**



# কথা বলা এবং শোনা

কথা বলা এবং শোনার দক্ষতা স্কুলে আপনার শিশুর শিক্ষার ভিত্তি তৈরি করে। এই দক্ষতাগুলো শিশুকে অন্যের সাথে কথা বলতে, বন্ধুত্ব তৈরি করতে এবং স্কুলে সক্রিয়ভাবে সকল কার্যক্রমে অংশ নিতে সহায়তা করে।

আপনি যদি বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষায় কথা বলেন তবে সেই ভাষার ব্যবহার চালিয়ে যাওয়ার জন্য আপনার শিশুকে সহায়তা করা গুরুত্বপূর্ণ।

# আপনার শিশুর সাথে কথা বলা


- **আপনার শিশুর সাথে** বিভিন্ন বিষয়ের উপর কথা বলুন, যেমন যে জিনিসগুলো প্রতিদিন ঘটে।
- আপনার সংস্কৃতি, আপনার নিজের গল্প এবং আপনার শিশুদের কাছ থেকে গল্প নিয়ে **সেগুলো উপভোগ করুন**।
- যেসকল ঘটনা ঘটছে সেগুলো **বর্ণনা করুন বা ঐগুলো নিয়ে কথা বলুন**। উদাহরণস্বরূপ, “ আজ আমরা স্কুলে হেঁটে যাবো এবং পার্কটি পেরিয়ে যাবো।”
- **আপনার শিশুর কথা শুনুন এবং তাদেরকেও পালাক্রমে অপরের কথা শোনার জন্য উৎসাহিত করুন**। কোনও কথোপকথনে কীভাবে শুনতে হয় এবং তাতে অংশগ্রহণ করতে হয় তা তাদেরকে দেখান।
- কথোপকথন শুরু করার সময় অথবা শিশুর সাথে কথা বলার সময় এমন **প্রশ্ন জিজ্ঞাসা করুন** যার উত্তর হ্যাঁ বা না বলার চেয়ে আরও বেশি বলার প্রয়োজন হয়। উদাহরণস্বরূপ, "তুমি আজ স্কুলে কী করেছ?"
- এমন প্রশ্ন করুন যেগুলো **কীভাবে বা কেন দিয়ে শুরু হয়**। যেমন, "তুমি পার্কে কয়টি পাখি দেখতে পাচ্ছো?"
- যখন প্রশ্ন করবেন তখন **আপনার শিশুকে উত্তর দেয়ার জন্য সময় দিন**।
- **কথোপকথন মজাদার করুন**। আপনার শিশুর সাথে মজার গল্প তৈরী করুন, কথা বলুন এবং গান করুন।


# বার্তা আদান-প্রদান করা


- **একটি গল্প পুনরায় বলুন**। গল্পের প্রথমে, মধ্যেভাগে এবং শেষে কি ঘটেছিল সে সম্পর্কে বলুন।
- পড়া শেষে, **চরিত্রগুলো সম্পর্কে** অথবা আপনার শিশুর বইয়ের প্রিয় অংশ নিয়ে **কথা বলুন**।
- কোন একটি অনুষ্ঠানে অংশগ্রহন করলে কি ঘটতে পারে তা নিয়ে মত **বিনিময় করুন**, যেমন কোন কিছু উদযাপন করা অথবা স্কুলে যাওয়ার মত ঘটনা। ঘটনা সমাপ্তির পর, কী ঘটেছিল সে সম্পর্কে কথা বলুন এবং তাদের চিন্তাভাবনা এবং অনুভূতিগুলো জানাতে বলুন।
- আপনার শিশুকে তাদের কল্পনা থেকে **তাদের নিজস্ব গল্প তৈরি** করতে সহায়তা করুন। প্রশ্ন করুন যেমন,”গল্পটি কি নিয়ে?” "গল্পে কে কে আছে?" "গল্পে কী হচ্ছে?"
- **আপনার শিশুর পুরো নাম**, ঠিকানা, বয়স, জন্মদিন এবং ফোন নম্বর **শিখিয়ে দিন**।
- স্কুল ছুটির পর আপনার শিশুকে জিজ্ঞাসা করুন তাদের দিনটি কেমন ছিল এবং **আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করুন**, যেমন, "তুমি কেন ঐভাবে অনুভব করেছিলে?"





# বইগুলো যা আপনার শিশুকে ইংরেজি কথোপকথন এবং শব্দ তৈরির দক্ষতায় সহায়তা করে




# শব্দ তৈরি করা

- কথা বলার সময় **বর্ণনামূলক শব্দ ব্যবহার করুন**। যদি আপনার শিশু বলে, "একটি কুকুর আছে।" এর সাথে বর্ণনা দিন যেমন, "এটি একটি ছোট, তুলতুলে, সাদা কুকুর।"
- আপনার শিশুকে **নতুন শব্দ শিখিয়ে তাদের** ভাষা তৈরি করুন।
- আপনার শিশুর সাথে পড়ার সময় বইয়ে ব্যবহৃত **শব্দগুলো সম্পর্কে** কথা বলুন। শব্দের অর্থগুলো নিয়ে একত্রে আলোচনা করুন। আপনি হয়ত নতুন, মজাদার শব্দ খুঁজে নিয়ে ঐগুলোর সম্পর্কে কথা বলতে পছন্দ করতে পারেন।
- একটি বাক্যে নতুন শব্দের ব্যবহার **অনুশীলন করুন**।
- বাড়ির চারপাশের জিনিসগুলোর জন্য **লেবেল তৈরি করুন**।



# পড়া

**শিশুদের সামনে কেউ পড়লে, অন্যের সাথে পড়ে এবং নিজে নিজে পড়া থেকে শিশুরা শিখে।**


**প্রতিদিন একত্রে পড়ে আনন্দ উপভোগ করুন। অনুসন্ধান করুন কিভাবে সুযোগ কাজে লাগানো যায়, যেমন আপনি যখন হেঁটে স্কুলে যান, অথবা বইয়ের দোকানে, গ্রন্থাগারে এবং সুপার মার্কেটে।**


**গল্পগুলো সম্পর্কে, ব্যবহৃত ভাষা, গল্পে শব্দগুলোর পাশাপাশি শব্দগুলোতে অক্ষরের উচ্চারণগুলো নিয়ে কথা বলুন। বাড়িতে যে ভাষায় কথা বলেন সেই ভাষার উপর লিখিত বই পড়ুন।**


# শিশুকে সাথে নিয়ে প্রতিদিন বই পড়ুন।


- বই **পড়াকে মজাদার** এবং উপভোগ্য করুন। শিশুরা অন্যদেরকে দেখে, অনুকরণ করে এবং অন্যদের সাথে মেলামেশার মাধ্যমে পড়া সম্পর্কে শিখে।
- **আপনার শিশুকে** তাদের পছন্দের **বইগুলো বাছাই করতে এবং পুনরায় পড়তে দিন**।
- পড়া শুরু করার আগে **বইটি সম্পর্কে কথা বলুন**। শিরোনাম এবং গল্পে কী ঘটতে পারে সে সম্পর্কে বলুন।
- বইয়ের **ছবিগুলো** সম্পর্কে বলুন এবং কীভাবে এগুলো গল্পের সাথে যুক্ত হয়েছে তা নিয়ে **আলোচনা করুন**।
- পড়ার সময় **আপনার শিশুকে** গল্পটি সম্পর্কে **প্রশ্ন জিজ্ঞাসা করুন** যেমন, "এরপরে কী ঘটতে পারে বলে তোমার মনে হয়?", "কেন তোমার এটা মনে হলো?"
- পড়া শেষে **গল্পটি নিয়ে কথা বলুন**। যেমন জিজ্ঞাসা করুন, "গল্পের কোন অংশটি তোমার সবচেয়ে বেশি পছন্দ হয়েছে?" অথবা "গল্পের কোন অংশটি উত্তেজনাপূর্ণ, মজার বা দুঃখজনক ছিল?"
- আপনার শিশু এবং তাদের ভাই, বোন বা বন্ধুদের সাথে প্রিয় গল্পগুলো **পালাক্রমে পড়তে দিন**।
- **পড়ার বিভিন্ন উপকরণ বেছে নিন** যেমন, সংবাদপত্র, ম্যাগাজিন, পোস্টার, রাস্তার চিহ্নগুলো, রেসিপি এবং কেনাকাটার তালিকা।


# ইংরেজি বই যেগুলোতে ছড়া আছে















## পড়া, ভাষা এবং শব্দ নিয়ে মজা করা

- **এমন ইংরেজি বই বাছাই করুন যেগুলোতে ছড়া** বা ধাঁধা রয়েছে।
- **ছড়ার শব্দগুলো সম্পর্কে কথা বলুন**। Cat, hat, sat, bat এই সমস্ত শব্দের উদাহরণ যা ইংরেজিতে ছড়া হয়, কারণ এগুলোর প্রতিটি শব্দের শেষে একই ধ্বনি উচ্চারিত হয়।
- **ছড়াতে ব্যবহার হয় এমন শব্দগুলো নিয়ে খেলুন** এবং ইংরেজিতে ছন্দের খেলা খেলুন। ছড়া দিয়ে বাক্য তৈরি করুন যেমন, “Have you ever seen a snail deliver the mail?”











## অক্ষরগুলোর আওয়াজ নিয়ে খেলুন


- **অক্ষরগুলোর আওয়াজ নিয়ে মজা করুন**। একই উচ্চারণ দিয়ে শুরু হওয়া শব্দ ব্যবহার করে অর্থহীন বাক্য তৈরি করুন।
- আপনি যখন শিশুর কাছে পড়বেন, তখন তাদের জানা শব্দগুলোর দিকে দৃষ্টি দিতে এবং **উচ্চারণ করতে বলুন**।
- আপনার শিশুর নামের **উচ্চারণ নিয়ে খেলা খেলুন**। যেমন আপনি জিজ্ঞাসা করুন, "তোমার নাম কি উচ্চারণ দিয়ে শুরু হবে?" "dad এর শুরুতে কি একই উচ্চারণ আছে?"

# ইংরেজি অক্ষরের বই


Dr. Seuss's
BRIGHT and EARLY Board Books
ABC
An Amazing Alphabet Book!


I SPY
An Alphabet In Art
Devised & selected by Lucy Micklethwait


ANIMALIA
Graeme Base



WARREN BRIM
abc dreaming



# আঁকা এবং লেখা

আপনার শিশুকে আকর্ষণীয় বিষয়গুলো আঁকতে এবং লিখতে উৎসাহিত করুন।

আপনার শিশুকে তাদের আঁকা ছবিগুলো এবং লেখার বিষয়ে কথা বলতে বলুন। তাদের গল্পগুলোর প্রতি আপনার আগ্রহ প্রদর্শন করুন এবং কীভাবে তারা এগুলো আঁকতে বা লিখতে পছন্দ করেছে তা জানতে আপনার উৎসাহ দেখান।



# প্রতিদিন লিখুন

- **আঁকা এবং লেখা নিয়ে মজা করুন**। আপনার শিশু যা করতে, বানাতে বা খেলতে পছন্দ করে সেগুলো আঁকতে বা লিখতে বলুন।
- **আপনার শিশুকে তার লেখার বিষয়ে কথা বলতে উৎসাহিত করুন**। এগুলোর মধ্যে স্ক্রিবল, আঁকা, অক্ষর বা শব্দ সম্পর্কে কথা বলা অন্তর্ভুক্ত থাকতে পারে।
- আঁকতে এবং লিখতে **বিভিন্ন উপকরণ ব্যবহার করুন** যেমন চক, কাগজ এবং পেন্সিল, মার্কার এবং কলম।
- আপনার শিশুকে **তাদের নাম লিখতে বলুন**। আপনার শিশুর কাছে গুরুত্বপূর্ণ এমন অন্যান্য ব্যক্তির নামও সে লেখার চেষ্টা করতে পারে।
- আপনার শিশুর লেখা বা আঁকার সময় **সেই ছবি এবং অক্ষরের উচ্চারণ নিয়ে কথা বলুন** যা সে লেখার চেষ্টা করছে।
- **আপনার শিশুকে তাদের কল্পনা ব্যবহার করতে** এবং গল্প তৈরি করতে **উৎসাহিত করুন**। তারা ছবি এঁকে এবং গল্পের জন্য শব্দ লিখে একটি গল্পের বই তৈরি করতে পারে।
- **শিশু বাড়িতে যে ভাষায় কথা বলে সেই ভাষায় তাকে বার্তা লিখতে** সহায়তা করুন।



# আঁকা এবং লেখার উদ্দেশ্য

- **আপনার শিশুকে** বাজারের তালিকা, বা পরিবারের পছন্দের ব্যক্তি বা তাদের প্রিয় বই সম্পর্কে **আঁকতে বা লিখতে উৎসাহিত করুন**।
- **একটি গান বা একটি কবিতা তৈরি করুন** এবং সেই গান বা কবিতা সম্পর্কিত শব্দগুলো লিখুন বা তার একটি ছবি আঁকুন।
- **আপনার শিশুকে** আঁকা বা লিখার সময় **তা বর্ণনা করতে বলুন**।
- আকর্ষণীয়, মজাদার বা উত্তেজনাপূর্ণ ঘটনা যা ঘটেছে সে সম্পর্কে তাদের বন্ধু বা পরিবারের কারও কাছে **চিঠি লেখার** জন্য উৎসাহিত করুন।
- আপনার শিশু যাতে প্রতিদিন লিখতে বা আঁকতে পারে তার জন্য **একটি ক্ষুদ্র পুস্তিকা, জার্নাল/দৈনিক হিসাব বই বা ডায়েরি রাখুন**।
- উদযাপন বা বিশেষ অনুষ্ঠানের জন্য **একটি কার্ড** বা আমন্ত্রণপত্র **তৈরি করুন**।



# বার্তা সম্পর্কে কথা বলুন

- আপনার শিশুকে **একটি বার্তা তৈরি করতে** বলুন যা তারা পাঠাতে চায়। এটি একটি পোস্টার হতে পারে যেমন, "কুকুর হতে সাবধান" বা তারা যে জিনিসগুলো করতে পছন্দ করে সে সম্পর্কে তাদের শিক্ষকের কাছে একটি চিঠি হতে পারে।
- **প্রতিদিনের শব্দগুলো ব্যবহার করুন** যা আপনার শিশুর সংস্কৃতি, অভিজ্ঞতা এবং আগ্রহের অংশবিশেষ।
- আপনার শিশু লিখেছে বা শিশুর সাথে আপনি একত্রে পড়েছেন এমন **গল্প বা চিঠিগুলো সম্পর্কে কথা বলুন**।
- কথা বলার সময়, আপনার শিশুকে **বাক্যে বিভিন্ন শব্দ ব্যবহার করে কথা বলতে** সহায়তা করুন।






3
5
6

# গণিত

## শিশুর সংখ্যা বিষয়ক দক্ষতা বিকাশে সহায়তা করা

প্রতিদিনের পরিস্থিতিতে সংখ্যা কীভাবে কাজ করে, সংখ্যাতত্ত্ব তা বুঝাতে সাহায্য করে।

আমরা প্রতিদিন সংখ্যা দেখি এবং ব্যবহার করি। যখন বই পড়ি তার পৃষ্ঠায় নম্বর থাকে, আমাদের বাড়ির একটি নম্বর আছে এবং যখন আমরা কিছু কিনি তখন সংখ্যাগুলি যোগ করি এবং বিয়োগ করি।

আপনার শিশুকে সংখ্যার প্রতি ইতিবাচক মনোভাব গড়ে তুলতে সহায়তা করুন।

বাড়িতে যে ভাষায় কথা বলেন সেই ভাষায় সংখ্যার দক্ষতা তৈরি করা গুরুত্বপূর্ণ।



# সংখ্যাএবং গণনা

শিশুদের প্রথম দিকে যে দক্ষতা তৈরি হয় তার মধ্যে একটি হল গণনা করা। গণনার অন্তর্ভুক্ত হল:

- বলা এবং সঠিক ক্রমে নম্বরগুলি পুনরায় বলা
- বস্তুর সাথে সংখ্যার শব্দের মিল
- এটি জানা যে গণনার শেষ সংখ্যাটি বস্তুটির মোট সংখ্যাকে বুঝায়।

## যে শব্দগুলো ব্যবহার করা হয়

- সামনের দিকে গণনা, পিছনের দিকে গণনা করা
- আগের সংখ্যা, পরের সংখ্যা
- এর চেয়ে বেশি, এর চেয়ে কম
- আগের মতোই।

# ইংরেজি নম্বর

0 zero

1 one

2 two

3 three

4 four

5 five

6 six

7 seven

8 eight

9 nine

10 ten



# সংখ্যা সম্পর্কে জানতে উৎসাহিত করার জন্য কার্যক্রম

- আপনার শিশুকে সংখ্যা এবং পরিমাণ সনাক্তকরণে সহায়তা করতে **ডাইস ব্যবহার করুন যাতে সংখ্যা এবং বিন্দু রয়েছে**। আপনার শিশুকে জিজ্ঞাসা করুন, "ডাইসে কতগুলি বিন্দু রয়েছে?"

- **একসাথে বোর্ড গেমস খেলুন** যাতে ডাইস এবং গণনা ব্যবহার করা হয়।

- **গল্প পড়ুন এবং শিশুর সাথে বিনিময় করুন**। গণনা, পরিমাণ এবং পৃষ্ঠা নম্বরসহ বইয়ে আপনি যে নম্বরগুলো দেখতে পান সে সম্পর্কে কথা বলুন।

- **হাঁটার সময় আপনার শিশুকে নম্বর খুঁজতে বলুন**। আপনার শিশুকে জিজ্ঞাসা করুন, "তুমি কোন সংখ্যাটি দেখতে পাচ্ছো?" বাড়ির নম্বর, গাড়ির নম্বর প্লেট এবং রাস্তার চিহ্নগুলি সম্পর্কে কথা বলুন।


- প্রতিদিনের বস্তুগুলো যেমন,ঘড়ি এবং ফোনের **সংখ্যা সম্পর্কে কথা বলুন**। সহায়ক নম্বরগুলো মনে রাখতে আপনার শিশুকে সাহায্য করুন।

# বস্তু বা বিন্দুর সংখ্যা সনাক্তকরণ


## ডাইস বিন্দু নকশা



## বিন্দু নকশা




## ডোমিনো বিন্দু নকশা



# আপনার সন্তানের সাথে গণনা করা


- **আপনি যখন বাড়ির কাজগুলো করেন তখন গণনা করুন**। একসাথে সাধারণ রেসিপি ব্যবহার করে রান্না করুন এবং আপনার শিশুকে উপাদানগুলো গণনা করতে দিন।
- **আপনার শিশুকে** পারিবারিক খাবারের জন্য **টেবিল সাজাতে সহায়তা করার জন্য উৎসাহিত করুন**। তাদেরকে লোক গণনা করতে বলুন এবং টেবিলের জন্য প্রয়োজনীয় প্লেট, কাপ, কাঁটাচামচ এবং চামচগুলো গণনা করতে বলুন।
- স্কুল শার্ট পরার সময় **আপনার শিশুর সাথে** তার শার্টের বোতামের সংখ্যা গণনা করুন।
- আপনার শিশুকে লাঞ্চের বক্সে **কতগুলো জিনিস রয়েছে তা গণনা** করতে বলুন।
- **সামনের দিকে গণনা**। প্রতিদিনের জিনিস যেমন গাড়ি, ঘর, জুতা এবং ব্যাগ গণনা করুন।
- **পিছনের দিকে গণনা**। সিঁড়ি দিয়ে নিচে গিয়ে তারপর উপরে উঠে আসা।যেমন 10, 9, 8 ....

# ইংরেজিতে গান গণনা




- Here is the Beehive
- Five Little Ducks
- The Ants Go Marching
- One, Two, Buckle My Shoe
- Five Cheeky Monkeys Jumping on the Bed
- Ten Green Bottles

# ইংরেজিতে সংখ্যা এবং গণনার বই

















# যোগ করা এবং বিয়োগ করা


ছোট শিশুদের যোগ এবং বিয়োগ জ্ঞানের বিকাশ প্রয়োজন। এর মধ্যে রয়েছে দুটি বা এর বেশি বস্তু একত্র করা এবং বস্তুগুলো সরানো ও পৃথক করা।

## যে শব্দগুলো ব্যবহার করা হয়

- একত্র করা, যোগ দেয়া, তৈরি করা
- এর চেয়ে কম, এর চেয়ে অধিক
- সব একসাথে
- সরিয়ে নেয়া
- আর কতগুলো

# যোগ করাকে উৎসাহিত করার জন্য কার্যক্রম

- **প্রতিদিনের বস্তু**, খেলনা, ফল, বই **যোগ করুন**। শিশুরা যোগ করার জন্য তাদের আঙ্গুলগুলো ব্যবহার করতে পারে।
- আপনি যখন হাঁটছেন তখন আপনার দেখা **বিভিন্ন বস্তুর সংখ্যা যোগ করুন**, উদাহরণস্বরূপ একটি বাগানের ফুল।
- একটি কেলেন্ডার/ বর্ষপঞ্জিতে, আপনার শিশু যে দিনগুলোতে স্কুলে গিয়েছে বা অন্য কোনও কার্যক্রম করেছে সেদিনগুলো চিহ্নিত করতে বলুন। সপ্তাহের শেষে **প্রতিটি কার্যক্রমের জন্য দিনগুলো যোগ করুন**।
- আপনি যখন বাজার করেন, আপনার কী কিনতে হবে তা নিয়ে কথা বলুন। **প্রশ্ন করুন** যেমন, "পরিবারের সবার জন্য কয়টি কলা লাগবে? আমি যদি আরও একটি নেই, তবে আমাদের কয়টি হবে?"
- **এমন খেলা খেলুন যা দুটি ডাইস ব্যবহার করে যোগ করা যায়**, উদাহরণস্বরূপ "Snakes and Ladders."








# বিয়োগ করাকে উৎসাহিত করার জন্য কার্যক্রম


- **প্রতিদিনের বস্তুগুলো বিয়োগ করুন।** তাদের লাঞ্চ বক্সের বস্তুগুলো গণনা করুন এবং তারপরে বস্তুগুলো সরিয়ে নিয়ে যাওয়ার পর বিয়োগ করুন।
- **খাওয়ার সময়** আপনার **কাছে কতগুলো বস্তু রয়েছে তা গণনা করুন।** এমন প্রশ্ন জিজ্ঞাসা করুন যেমন, "তুমি কতগুলো আঙ্গুর খেয়েছো? কতগুলো বাকী আছে?"
- **বস্তুগুলো সরানোর পর** আপনার শিশুকে **পার্থক্য লক্ষ্য করার জন্য** উৎসাহিত করুন যেমন, কোনও কার্টন থেকে ডিম নেয়া বা কান্দি থেকে কলা সরানো।
- **গান করুন** যেমন "Five Little Ducks", যেখানে সংখ্যা হ্রাস পায় যেহেতু একটি একটি করে নিয়ে যাওয়া হয়।
- **প্রশ্ন জিজ্ঞাসা করুন যেমন,** "আমাদের বাটিতে পাঁচটি আপেল রয়েছে। আমি যদি দুটি আপেল খেয়ে ফেলি তবে কতটি আপেল বাকি থাকবে?

# ইংরেজিতে যোগ এবং বিয়োগের বই






# শনাক্ত করাএবং নকশাতৈরিকরা

**প্যাটার্ন একটি পুনরাবৃত্তি  বিন্যাস। এটি আকার, শব্দ, সংখ্যা বা বস্তু থেকে তৈরি করা যেতে পারে।**

**শিশুরা প্রতিদিনের কার্যক্রমের মাধ্যমে চিহ্নিত, সনাক্ত, তৈরি, অনুলিপি এবং প্যাটার্ন চালিয়ে যাওয়া শিখতে পারে।**





## যে শব্দগুলো ব্যবহার করা হয়

- পুনরাবৃত্তি
- চালিয়ে যাওয়া
- তৈরি
- সনাক্তকরণ
- বর্ণনা
- প্যাটার্ন
- একই
- ভিন্ন

## প্যাটার্নগুলো চিহ্নিত ও সনাক্ত করুন


- **প্যাটার্ন সনাক্ত করুন** যেমন, মোড়ানো কাগজ, বাথরুমের টাইলস এবং ড্রাইভওয়ে। বিভিন্ন প্যাটার্ন নিয়ে কথা বলুন এবং কিভাবে একটি প্যাটার্ন তৈরী হয় সে সম্পর্কে আলচনা করুন।
- **প্যাটার্নগুলো সম্পর্কে কথা বলুন।** প্রশ্ন করুন "কেন এটি একটি প্যাটার্ন?" "তুমি কি এই প্যাটার্ন চালিয়ে নিয়ে যেতে পারো?"
- আপনার শিশুকে প্যাটার্নগুলো চিহ্নিত করতে সহায়তার জন্য **কার্ড, ডোমিনোস বা ডাইস দিয়ে খেলুন**।

# প্যাটার্নের কপি করা


- তালি বাজানো খেলা খেলুন যেখানে আপনি **তালির একটি প্যাটার্ন করেন** এবং আপনার শিশু সেই প্যাটার্নটি পুনরাবৃত্তি  করে। আপনার শিশুকে একটি তালির প্যাটার্ন করতে বলুন যা আপনি পুনরাবৃত্তি করবেন।
- **একটি প্যাটার্ন ব্যবহার করে খাবারের জন্য টেবিল একসাথে সাজান** যেমন প্লেট এবং চামচ, প্লেট এবং চামচ, প্লেট এবং চামচ।


# প্যাটার্ন তৈরি করা


- **প্রতিদিনের জিনিসগুলো নিয়ে প্যাটার্ন তৈরি করুন** যেমন, খেলনা এবং ফল।
- **সাধারণ প্যাটার্ন দিয়ে শুরু করুন** এবং তারপরে আরও **জটিল প্যাটার্ন তৈরি করুন** যেমন একটি আপেল, দুটি কলা, একটি আপেল, দুটি কলা, একটি আপেল, দুটি কলা।




# ইংরেজিতে প্যাটার্ন সম্পর্কিত বই






# আপনার শিশুকে ইংরেজি ভাষার দক্ষতা বিকাশে সহায়তা করার জন্য বই

## কথোপকথন এবং শব্দ-নির্মাণের জন্য বই

**Dunbi the Owl** – Daisy Utemorrah, editor Pamela Lofts. Scholastic Australia

**Possum Magic** – Mem Fox, illustrator Julie Vivas. Omnibus Books

**Splosh for the Billabong** – Ros Moriarty, illustrator Balarinji. Allen and Unwin

**The Day the Crayons Quit** – Drew Daywalt, illustrator Oliver Jeffers. Harper Collins Children's Books

**The Echidna and the Shade Tree** – Mona Green, editor Pamela Lofts. Scholastic Australia

**The Little Refugee** – Anh and Suzanne Do, illustrator Bruce Whatley. Allen & Unwin Children

**The True Story of the 3 Little Pigs** – Jon Scieszka, illustrator Lane Smith. Penguin

**The Very Cranky Bear** – Nick Bland. Scholastic Australia

## যে বইগুলোতে ছড়া আছে

**Miss Spider's Tea Party** – David Kirk. Scholastic Inc

**No Way Yirrikipayi!** – Alison Lester. Pan Macmillan Australia

**Pig the Pug** – Aaron Blabey. Scholastic Australia

**Piranhas Don't Eat Bananas** – Aaron Blabey. Scholastic Australia

**Oi Cat!** – Kes Gray, Jim Field. Hachette Australia

**Sebastian Lives in a Hat** – Thelma Catterwell, illustrator Kerry Argent. Omnibus Books

**Walking Through the Jungle** – Stella Blackstone. Barefoot Books

**The Cat in the Hat** – Dr Seuss. Random House

## অক্ষর সম্পর্কে বই

**ABC Dreaming** – Warren Brim. Magabala Books

**Animalia** – Graeme Base. Picture Puffins

**Dr Seuss's ABC** – Dr Seuss. Random House

**I Spy, An Alphabet in Art** – Lucy Micklethwait. Greenwillow Book

তালিকাভুক্ত বইগুলো স্বাক্ষরতা এবং সংখ্যা গণনার বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে।

**আমাদের ওয়েবসাইট দেখুন এবং আপনার শিশুকে স্কুলে ভালোমতো শুরু করতে সাহায্যের জন্য আরও তথ্য সন্ধান করুন:**

education.nsw.gov.au/lit-and-num-at-home




# আপনার শিশুকে সংখ্যার দক্ষতা বিকাশে সহায়তা করার জন্য ইংরেজি বই

## সংখ্যা এবং গণনা সম্পর্কে বই

**Counting on Community** – Innosanto Nagara. Seven Stories Press, Penguin.

**Counting with Tiny Cat** – Viviane Schwarz. Walker Books

**Five Little Ducks** – Penny Ives. Child's Play International Ltd

**One is a Snail, Ten is a Crab** – April Pulley Sayre and Jeff Sayre, illustrator Randy Cecil. Scholastic Australia

**One Woolly Wombat** – Kerry Argent. Scholastic Australia

**Ten Black Dots** – Donald Crews. Scholastic Australia

**Ten Little Dinosaurs** – Mike Brownlow, illustrator Simon Rickerty. Orchard Books

**Ten Little Jarjum** – Tabulam Aboriginal Community members, editors Suzi Williams and Kate Merrifield. NSW Board of Studies

**Ten Scared Fish** – Ros Moriarty, illustrator Balarinji. Allen and Unwin

# যোগ এবং বিয়োগ সম্পর্কে বই

**Five Little Monkeys Play Hide-and-seek** – Eileen Christelow. Houghton Mifflin

**Ten Little Beasties** – Rebecca and Ed Emberley. Macmillan

**Ten Little Fingers and Ten Little Toes** – Mem Fox, illustrator Helen Oxenbury. Puffin Books

**Ten Little Ladybugs** – Melanie Gerth, illustrator Laura Huliska-Beith. Intervisual Books Inc

**There Were 10 in the Bed** – illustrator Wendy Straw. Sweet Cherry Publishing

**The Shopping Basket** – John Burningham. Random House

**Uno's Garden** – Graeme Base. Penguin Books, Puffin

# প্যাটার্ন সম্পর্কে বই

**Anno's Counting Book** – Mitsumasa Anno. Harper Collins

**Caterpillar and Butterfly** – Ambelin Kwaymullina. Fremantle Press

**One fish, two fish, red fish, blue fish** – Dr Seuss. Random House

**The Very Hungry Caterpillar** – Eric Carle. Hamish Hamilton Press

© State of New South Wales (Department of Education), 2020.

The copyright material published in this resource is subject to the Copyright Act 1968 (Cth) and is owned by the NSW Department of Education or, where indicated, by a party other than the NSW Department of Education (third-party material).

Copyright material available in this resource and owned by the NSW Department of Education is licensed under a Creative Commons Attribution 4.0 International (CC BY 4.0) licence. This licence allows you to share and adapt the material for any purpose, even commercially.

Attribution should be given to © State of New South Wales (Department of Education), 2020.

Material in this resource not available under a Creative Commons licence:

- the NSW Department of Education logo, other logos and trademark-protected material
- material owned by a third party that has been reproduced with permission. You will need to obtain permission from the third party to reuse its material.

## টেলিফোন দোভাষী সার্ভিস

যদি আপনার আরো তথ্যাবলী প্রয়োজন হয় অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষকে কল করুন। আপনার অনুসন্ধানের জন্য যদি একজন দোভাষীর সহায়তার প্রয়োজন হয়, অনুগ্রহ করে 131 450 নম্বরএ টেলিফোন দোভাষী সার্ভিসে কল করুন এবং আপনার ভাষার একজন দোভাষী চান। এই সার্ভিস আপনাকে বিনামূল্য প্রদান করা হয়।



NSW GOVERNMENT